৮৩

দৈনিক বাংলা

তারিখ ... 21 DEC 1996
পৃষ্ঠা - ৭ কলাম - ৭

# প্রাথমিক শিক্ষা ঃ ছাত্রদের কাছ থেকে বহু রকম ফি আদায় করা হচ্ছে

নিজস্ব সংবাদদাতা ঃ ঝিনাইদহ।– সরকার প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক করলেও মাগুরা জেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে ভর্তি ফি, ছাড়পত্র ফি, পরীক্ষার ফি, উন্নয়ন ফি, "ফেয়ার ওয়েল" ফি, আপ্যায়ন ফিসহ নানাবিধ ফি আদায় করা হচ্ছে। এতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যহত হবার উপক্রম হয়েছে।

থানার প্রাথমিক বিদ্যালয়গুলোতে পরীক্ষার ফি ধার্য করে থানা শিক্ষক সমিতি। এ বছর ৪র্থ থেকে ৫ম শ্রেণীর বার্ষিক পরীক্ষার ফি ধার্য করা হয়েছে ২০/২৫ টাকা। এছাড়া, ১০/২০ টাকা ভর্তি ফি ২/৫ টাকা উন্নয়ন ফি ৫/১০ টাকা "ফেয়ারওয়েল ফি"সহ অন্যান্য ফি আদায় করা রেওয়াজে পরিণত হয়েছে। কোন কোন বিদ্যালয়ে অফিসারদের আপ্যায়ন করার জন্যেও ফি আদায়ের অভিযোগ পাওয়া যায়। এ সমস্ত ফি আদায় করার ফলে দিন মজুর, রিকশাচালক ও বেকার অভিভাবকদের এ টাকা দেয়া অসম্ভব ব্যাপার হয়ে দাঁড়ায়। ফলে বিদ্যালয়ে ছাত্র সংখ্যা কমে যায়।

এ ব্যাপারে জনৈক প্রধান শিক্ষক জানান, শিক্ষা কর্মকর্তারা মাসে ৩/৪ বার স্কুল পরিদর্শন করে থাকেন। তাঁদের নাস্তা ও যাতায়াত খরচ বহন করতে আদায়কৃত ফি-এর টাকা খরচসহ বিদ্যালয় উন্নয়ন কাজেও এ টাকা ব্যয় করা হয়। তবে থানা শিক্ষা অফিসার বলেন, একমাত্র পরীক্ষার ফি ছাড়া অন্য কোন ফি আদায়ের নিয়ম নেই।